

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৭৮

আগরতলা, ২৪ জানুয়ারি, ২০২৪

আগামীকাল থেকে শুরু হচ্ছে ৩৪তম
ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা

আগামীকাল থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে ৩৪তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা। ১২ দিনব্যাপী এই মেলা চলবে ১১ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত। প্রতিদিন মেলা চলবে দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত। এই বছর মেলার থিম হল প্রযুক্তি এবং উদ্ভাবন। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবদল বণিক একথা জানান। তিনি জানান, এবারের মেলায় মোট স্টল থাকবে ৫০৩টি। এর মধ্যে ৮৩টি সরকারি, ৪৪টি আন্তর্জাতিক, ১৩০টি বহিরাঙ্গের এবং ২৪৬টি স্থানীয় উদ্যোগীদের স্টল থাকবে। গত বছর ৩৩তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলার মোট স্টল ছিল ৩৮০। তিনি জানান, এবছরের মেলায় বাংলাদেশ, আফগানিস্তান এবং থাইল্যান্ড ছাড়াও দেশের ১৭টি রাজ্য থেকেও স্টল খোলা হবে।

চেয়ারম্যান আরও জানান, শিল্প ও বাণিজ্য মেলার মূল উদ্দেশ্যই হচ্ছে রাজ্যের যুবক যুবতিদের মধ্যে স্ব-রোজগারের ভাবনা সৃষ্টি করা। এই দিশাতেই রাজ্যের বর্তমান সরকার কাজ করে চলছে। তাই অন্যান্য বছরের ন্যায় এবছরও মেলায় থাকবে নতুনত্বের ছোঁয়া। এবছর দপ্তরের উদ্যোগে মেলায় টেকনোলজি এবং পলিসি প্যাভেলিয়ন নামক দুটি প্যাভেলিয়ন খোলা হবে। এগুলিতে রাজ্যের যুবক-যুবতীরা স্বরোজগারী হওয়ার ক্ষেত্রে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। এছাড়াও ছয়দিনব্যাপী থাকবে শিল্প বাণিজ্য সম্বন্ধীয় বিভিন্ন বিষয়ের উপর আলোচনাচক্র। তাছাড়াও প্রতিদিন থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান। তিনি জানান, এবছর শিল্প মেলায় রাজ্য ও জেলাস্তরের নতুন উদ্যোগপতিদের পুরস্কৃত করা হবে।

সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, দপ্তরের সহ-অধিকর্তা স্বপ্না দেবনাথ, ওএসডি টিআইডিসি বিনয় ভূষণ দাস।
